

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২১/০৩/২০২২ খ্রি.


রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের সকল শ্রেণির নিয়মিত শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে রাঙ্গামাটি সরকারি কলেজে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। সকল প্রতিযোগীকে নিম্নোক্ত শিরোনামে স্বহস্তে লিখিত রচনা আগামী ২৪/০৩/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১.০০ টার মধ্যে কলেজের ইংরেজি বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

শিরোনাম: 'স্বাধীনতার চেতনা ও আজকের বাংলাদেশ'

নিয়মাবলী:

- ১। আলাদা কাগজে রচনার শিরোনাম এবং প্রতিযোগীর নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করে জমা দিতে হবে।
- ২। রচনা ১২০০ - ১৫০০ শব্দের মধ্যে হতে হবে।
- ৩। রচনা A4 মাপের অফসেট সাদা কাগজে লিখতে হবে তবে উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ৪। কলেজ কর্তৃক ইস্যুকৃত শিক্ষার্থীর পরিচয়পত্র অথবা সর্বশেষ শ্রেণিতে ভর্তির রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।


২২/০৩/২২
আহ্বায়ক

স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা